

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২১, ২০১৫

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাণিজ্য মন্ত্রণালয়

ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ

প্রজ্ঞাপন

তারিখ: ২২ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৭৫-আইন/২০১৫ —Cost and Management Accountants Ordinance, 1977 (Ordinance No. LIII of 1977) এর section 31 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, Cost and Management Accountants Regulations 1980 এর নিম্নরূপ অধিকতর সংশোধনের লক্ষ্যে, উক্ত Ordinance এর section 31 এর sub-section (3) এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এতদ্বারা প্রস্তাবিত সংশোধনীর প্রাক-প্রকাশ করিল, যথা:—

উপরি-উক্ত Regulations এর regulation 74 এর clause (b) তে উল্লিখিত “holds a Bachelor degree of a University recognised by the Government or an equivalent qualification recognised by the Institute, or has passed” শব্দগুলি ও কমা পরিবর্তে “has passed the Higher Secondary Certificate Examination of a Board of Intermediate and Secondary Education of Bangladesh or an Examination recognised by the Government as equivalent thereto, or” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

(২৮২৯)

মূল্য : টাকা ৪.০০

২। প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে, সংশ্লিষ্ট ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশিত হইবার ২১ (একুশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাইতেছে। উক্ত সংশোধনীর বিষয়ে কোন আপত্তি বা পরামর্শ প্রদান করা হইলে কাউন্সিল উহা বিবেচনা করিবে।

কাউন্সিলের আদেশক্রমে

**A.S.M. SHAYKHUL ISLAM, FCMA**

President

The Institute of Cost and Management  
Accountants of Bangladesh (ICMAB).